# বাংলাদেশ কৃষি ব্যাংক

জেনারেল ক্রেডিট বিভাগ , প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
www. krishibank.org.bd

**পরিপত্র**

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২৩ /২০২৪ — তারিখঃ ০১.০৭.২০২৪

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ অর্থায়নের ক্ষেত্রে ঋণ এর বিপরীতে জামানত হিসেবে চা বাগান বন্ধক গ্রহণ প্রসঙ্গে।

জাতীয় শিল্প নীতি ২০২২ এর পরিশিষ্ট-৯ মোতাবেক চা প্রক্রিয়াকরণকে কৃষিভিত্তিক কর্মকান্ড ও কৃষিপণ্য/খাদ্য প্রক্রিয়াজাতকরণ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। অর্থাৎ চা প্রক্রিয়াজাতকরণ কৃষি ভিত্তিক শিল্প খাতের অন্তর্ভুক্ত। বর্তমানে, মৌসুমভিত্তিক চা উৎপাদন ঋণের ক্ষেত্রে চলতি মৌসুমে বাগানে উৎপাদিত সমুদয় চা এবং ভবিষ্যতে উৎপাদিতব্য সমুদয় চা বন্ধক থাকে। তবে, কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ২০২৩-২০২৪ এর অনুচ্ছেদ ২.১.১১ এ ৫ (পাঁচ) একর এর বেশী জমিতে চাষাবাদের জন্য ঋণ মঞ্জুরির ক্ষেত্রে জামানত গ্রহণ করা যাবে মর্মে উল্লেখ রয়েছে।

০২। বর্তমান সময়ে বাগানের শ্রমিক মজুরি বৃদ্ধি পেয়েছে। এছাড়াও কীটনাশক, সার ও চা চারা উৎপাদনে খরচ বৃদ্ধি সহ আনুষঙ্গিক অন্যান্য সকল উপকরণের মূল্য বৃদ্ধি পাওয়ায় বাগানের পরিচালন ও উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিগত মৌসুমে চায়ের বাজারমুল্য হ্রাস পাওয়ার কারণে এবং উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় বাগানসমূহ চলতি মৌসুমের ঋণ সময়মত পরিশোধে ব্যর্থ হচ্ছে। ফলে, ঋণ পুনঃতফসিলিকরণের হার বৃদ্ধির সাথে ঋণের ঝুঁকিও বৃদ্ধি পাচ্ছে। চা বাগানের আয়তন ১০০ হেক্টর থেকে প্রায় ২০০০ হেক্টর পর্যন্ত হয়ে থাকে এবং ইজারা দলিলের অনুচ্ছেদ নং ০৮ ও ১৬ মোতাবেক বাগান বন্ধক রাখা যায়। যেহেতু, কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ২০২৩-২০২৪ এর অনুচ্ছেদ ২.১.১১ এ ০৫ (পাঁচ) একর বেশী জমিতে চাষাবাদের জন্য ঋণ মঞ্জুরির ক্ষেত্রে জামানত গ্রহণ করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। ব্যাংকের ঋণের ঝুঁকি হ্রাসকরণের লক্ষ্যে চা বাগানসমূহে চা উৎপাদন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে চা উন্নয়ন ঋণের ন্যায় পূর্বানুমান প্রতিবেদনে (এল,এফ-৫ক) বর্ণিত চা বাগানের ভূমি ও জামানতি সম্পত্তির উপর স্থাপিত ও স্থাপিতব্য যাবতীয় দালানকোঠা, যন্ত্রপাতি, অন্যান্য স্থাবর ও অস্থাবর সম্পত্তি এবং বাগানে উৎপাদিত ও উৎপাদিতব্য সমুদয় চা ব্যাংকের নিকট দায়বদ্ধ ও বন্ধক থাকার শর্তে ঋণ মঞ্জুর করা যাবে। বন্ধক গ্রহনের ক্ষেত্রে বিকেবি, প্রধান কার্যালয়, জেনারেল ক্রেডিট বিভাগ এর পরিকল্পনা ও পরিচালন পরিপত্র ০৩/২০২৪ তারিখ ১৯/০২/২০২৪ মোতাবেক বন্ধকি দলিল সম্পাদনপূর্বক বাগান বন্ধক রাখতে হবে। চা বাগানের সর্বোচ ঋণ সীমা (এমসিএল) নির্ধারণের ক্ষেত্রে অত্র ব্যাংকের জেনারেল ক্রেডিট বিভাগের ২৮. ০৫.২০২৪ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০২৪ অনুসরণ করতে হবে যা সময় সময় পরিবর্তন হলে পরিবর্তিত নীতিমালা প্রযোজ্য হবে। বিকেবি পরিচালনা পর্ষদের ১২-০৬-২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮৫৮ তম সভায় উক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছে এবং পরিচালনা পর্ষদের ২৭-০৬-২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮৫৯ তম সভায় উক্ত সিদ্ধান্ত দৃঢ়ীকরণ করা হয়েছে।

০৩। অত্র ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ এর অনুচ্ছেদ ১০.০৯ চা উৎপাদন ঋণের দলিল পত্রাদি সম্পাদন নিম্নরূপে পরিবর্তিত হবেঃ-

| ক্র.নং. | বিষয় | বিদ্যমান শর্তাবলি | পর্ষদ কর্তৃক অনুমোদিত শর্তাবলি |
|---|---|---|---|
| ১. | ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং ১০.০৯ | চা উৎপাদন ঋণ একটি শস্য বন্ধকি ঋণ। এ ঋণের জন্য নিম্নোক্ত দলিলপত্রাদি সম্পাদন করতে হবে:<br>ক) ত্রিপক্ষীয় চুক্তি (এল, এফ-১৮);<br>খ) চা শস্য দায়বন্ধন চুক্তি (এল,এফ-১৫) ;<br>গ) ডিপি নোট (এল, এফ-২০)। | চা উৎপাদন ঋণের জন্য নিম্নোক্ত দলিলপত্রাদি সম্পাদন করতে হবে:<br>ক) ত্রিপক্ষীয় চুক্তি (এল, এফ-১৮);<br>খ) চা শস্য দায়বন্ধন চুক্তি (এল, এফ-১৫);<br>গ) ডিপি নোট (এল, এফ-২০);<br>ঘ) বিকেবি, প্রধান কার্যালয়, জেনারেল ক্রেডিট বিভাগ এর পরিকল্পনা ও পরিচালন পরিপত্র ০৩/২০২৪ তারিখ ১৯-০২-২০২৪ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণগ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব অ্যাটর্নি দলিল সাবরেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ এর আওতায় সংশ্লিষ্ট বাগান বন্ধক গ্রহণ;<br>ঙ) চা উৎপাদন ঋণের বিপরীতে বাগান বন্ধক এর জন্য বাংলাদেশ চা বোর্ড এর সম্মতি গ্রহণ। |

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ অর্থায়নের ক্ষেত্রে ঋণ এর বিপরীতে জামানত হিসেবে চা বাগান বন্ধক গ্রহণ প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ অর্থায়নের ক্ষেত্রে ঋণ এর বিপরীতে জামানত হিসেবে চা বাগান বন্ধক রাখার ক্ষেত্রে পরিচালনা পর্ষদে গৃহীত উপরিলিখিত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বাগান বন্ধক গ্রহণের ক্ষেত্রে জেনারেল ক্রেডিট বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/জেক্রেবি/শাখা-২/অংশ-চা/০১(১৬)/২০২৩-২৪/১৮১৯(১২৫০) তারিখ ঃ ২৭/০৬/২০২৪ এ প্রদত্ত নির্দেশনাও অনুসরণীয় হবে।

আপনার বিশ্বস্ত

01.07.2024

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ০২-৪৭১১৫০৩৪৪
gm.op@krishibank.org.bd

বিতরণঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়/ বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ সিলেট।
০২। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার/ হবিগঞ্জ/ চট্টগ্রাম পশ্চিম।
০৩। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, কারওয়ান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, ঢাকা/ সিলেট কর্পোরেট শাখা, সিলেট/ চট্টগ্রাম কর্পোরেট/আগ্রাবাদ কর্পোরেট শাখা,চট্টগ্রাম।
০৪। ব্যবস্থাপক, শ্রীমঙ্গল শাখা/ জুড়ী শাখা, মৌলভীবাজার/ বাহুবল শাখা, মাধবপুর শাখা, হবিগঞ্জ/ টি বোর্ড শাখা, চট্টগ্রাম পশ্চিম।
০৫। নথি।

প্রকা/জেক্রেঃবিঃ/শাখা-২/অংশ-চা/০১(১৬)/২০২৪-২০২৫/০১(১২৫০) তারিখঃ ০১.০৭.২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর,ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ ।
০৯। নথি/মহানথি।

02/07/2024

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক